গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
(sherpur.bogra.gov.bd)

স্মারক সংখ্যা-০৫.৫০.১০২৭.০০০.১৩.০০৩.২৪-৫৮

তারিখ ঃ ০৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০২৪ খ্রি.

## সরকারি জলমহাল ইজারার অনলাইনে দরপত্র/আবেদনপত্র আহবানের বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত নিবন্ধনকৃত মৎস্যজীবি সমবায় সমিতি সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ০২ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-১).৬৬২ নং স্মারকপত্র মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী শেরপুর উপজেলার সরকারি জলমহাল (২০ একর পর্যন্ত) শর্তসাপেক্ষে বাংলা ১৪৩১ হতে ১৪৩৩ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনের লিংক jm.lams.gov.bd-এ প্রবেশ করে আগামী ২৩ জানুয়ারি হতে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ, বাংলা ০৯ মাঘ হতে ০৩ ফাল্গুন, ১৪৩০ সনের মধ্যে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন করতে হবে। অন্যান্য তথ্যাদি ও জলমহাল সমূহের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), শেরপুর, বগুড়া এর কার্যালয় হতে জানা যাবে।

### বাংলা ১৪৩১ হতে ১৪৩৩ সনের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্র: নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমাণ | ৫% বৃদ্ধিতে সরকারি মূল্য (বাৎসরিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | হাসড়াগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৪৩২ | ০.৭২ | ৮৭১৫ | |
| ০২ | চক সিংড়া | কুসুম্বী | কাশিপাড়া | ১৭৪/২৭৮ | ০.৫৩ | ১১০২৫ | |
| ০৩ | নালুকাগাড়ী | কুসুম্বী | মদনগাড়ী | ১৪৮ | ০.৫৬ | ১৪০৭০ | |
| ০৪ | শুভগাড়ী/পফুগাড়ী | কুসুম্বী | কেল্লা | ২৩০ | ০.৪৯ | ২৬২৫ | মামলা চলমান |
| ০৫ | ধাওয়াপাড়াপুকুর | কুসুম্বী | ধাওয়াপাড়া | ৭৯৯/১১১৪ | ১.২১ | ১৩৮৬০ | |
| ০৬ | কুন্দলগাড়ী | কুসুম্বী | আমইন | ৫৭৪ | ০.৪৬ | ২৬২৫ | |
| ০৭ | দামুয়া | কুসুম্বী | কেল্লা | ২৮৩ | ১. | ৩৩১০৫ | মামলা চলমান |
| ০৮ | কোচারগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩৯৪ | ০.৩৮ | ১২৭৩৩ | |
| ০৯ | বটগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৭৫ | ০.৬৪ | ১০০৮০ | |
| ১০ | টিয়াগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ২৬৬ | ০.৫১ | ৮০৯৫ | |
| ১১ | কামালগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ১২২ | ০.৪৫ | ৮৫০৯ | |
| ১২ | মধ্যগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩২৫ | ০.৫২ | ৮২২১ | |
| ১৩ | ধনতলা | কুসুম্বী | তাঁতড়া | ৩৩০ | ০.৪৯ | ৮৪৯৬ | |
| ১৪ | চিত্রাগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ১৪৭ | ০.৫১ | ৯৭৪৪ | |
| ১৫ | কাজিহাটা | কুসুম্বী | আকরামপুর | ১৬৪/১১৪ | ৩.২৭ | ৪৫৭২৯ | মামলা চলমান |
| ১৬ | ডাবরগাড়ী | কুসুম্বী | দারুগ্রাম | ৬০৬/৯৯৭৯ | ০.৬৮ | ২৩২০ | মামলা চলমান |
| ১৭ | কাঁচকলা | কুসুম্বী | পৌষি | ৬৪০ | ১.০৯ | ১৩৫০০ | |
| ১৮ | শীতলাই | কুসুম্বী | লক্ষীকোলা | ৮৮ | ২.০৩ | ১৯০০০ | মামলা চলমান |
| ১৯ | উত্তর শৈচুল | কুসুম্বী | উত্তর শৈচুল | ৩৬২ | ০.৮ | ৫১২৫ | |
| ২০ | হারকোনা | কুসুম্বী | ক্ষিকিন্দা | ১০১৬/১৩৩২ | ০.৮৪ | ৮৮০০ | মামলা চলমান |
| ২১ | তালপুকুর | কুসুম্বী | টুনিপাড়া | ৫২৩ | ২.৪৭ | ২০৪০০ | |
| ২২ | কুসুম্বী পুকুর | কুসুম্বী | কুসুম্বী | ৫৬৪ | ০.২৪ | ২৫০০ | |
| ২৩ | উচলবাড়িয়া | কুসুম্বী | উচলবাড়িয়া | ৬২৯/৭২৩ | ০.৬৬ | ৭৫৫১ | |
| ২৪ | ছোট শীতলাই | কুসুম্বী | লক্ষীকোলা | ১৭১ | ০.৩২ | ১২৫০০ | |
| ২৫ | পান্তাগাড়ী | কুসুম্বী | লক্ষীকোলা | ১২২ | ০.৩২ | ১২৫০০ | |
| ২৬ | হাড়ীগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩২৫ | ০.৫২ | ৬০০০ | |
| ২৭ | ননিয়াগাড়ী | কুসুম্বী | কেল্লা | ২৮৩/৪২১ | ১.১৩ | ৮৬৯১ | |
| ২৮ | ধুমাতলা | খানপুর | গোপালপুর | ৩৫৭২ | ০.৯৫ | ১৯০০০ | |
| ২৯ | দড়িখাগাপুকুর | খানপুর | দড়িখাগা | ২৪৬ | ৪.৩ | ২০০০০ | মামলা চলমান |
| ৩০ | ভসতারপুকুর | খানপুর | গোপালপুর | ৫১৭৫ | ৩.১৪ | ১৮২৭০ | মামলা চলমান |
| ৩১ | খাগাদোলন | খানপুর | গোপালপুর | ৭১৫ | ৩.০৪ | ১৮১০০ | মামলা চলমান |
| ৩২ | ঠাকুর পুকুর | গাড়িদহ | হাপুনিয়া | ৩৯৩/৮৫২ | ১.১৮ | ১২০০০ | |
| ৩৩ | বিল | গাড়িদহ | পাইকপাথালিয়া | ২১২৮/৫৬২৯ | ১.৮১ | ৪১৫৮ | মামলা চলমান |
| ৩৪ | বিল | গাড়িদহ | পাইকপাথালিয়া | ১০৮০/১৯৮০ | ১.২৭ | ৬১১৪ | মামলা চলমান |
| ৩৫ | মথুরাপুকুর | গাড়িদহ | মাগুরগাড়ী | ৩৪৪/৩৪৫ | ১.৯৬ | ১৩৭০০ | মামলা চলমান |
| ৩৬ | রানীরদিঘী | গাড়িদহ | পাইকপাথালিয়া | ১৮২৪ | ৫.৭৭ | ২৪৫০০ | মামলা চলমান |
| ৩৭ | চতিয়াগাড়ী | বিশালপুর | কামালখী | ১৪৭ | ০.৬৩ | ১২৮১০ | |

| ক্র: নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমাণ | ৫% বৃদ্ধিতে সরকারি মূল্য (বাৎসরিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৮ | মাদার | বিশালপুর | বিশালপুর | ৮৯৭ | ৩.৭২ | ২৩০৬৭ | |
| ৩৯ | জয়সাগর | বিশালপুর | উদগ্রাম | ২০৭ | ৩.৩৯ | ৩০৮৭০ | |
| ৪০ | সোহাগী | বিশালপুর | দোয়েলসারা | ৫৯,৬০ | ২.৩৪ | ৪০৭৬১ | |
| ৪১ | নেংটাগাড়ী | বিশালপুর | উদগ্রাম | ২৮৮ | ০.৮০ | ২৬৫২৩ | মামলা চলমান |
| ৪২ | তরফদার | বিশালপুর | সিরাজনগর | ৩৫২ | ১.৬৭ | ১৫৯৫০ | |
| ৪৩ | তাড়াটগাড়ী | বিশালপুর | কামালখী | ১০০৬/২৮৩ | ০.৪১ | ২৫০০ | |
| ৪৪ | হাটপুকুর | বিশালপুর | সিরাজনগর | ৭০৫ | ৮.৫৬ | ৩৯৩৭৫০ | মামলা চলমান |
| ৪৫ | শৈলঠুকরী | বিশালপুর | বিশালপুর | ৮০৫ | ১.৯ | ১৮৮৭৭ | |
| ৪৬ | মন্ডলগাড়ী | বিশালপুর | কহিতকুল | ৬৭ | ০.৭৫ | ১৩১১০ | |
| ৪৭ | সারপুকুর | বিশালপুর | বেওড়াপাড়া | ৭৩১/১৩৫১,১৩৫৫ | ১.৬৫ | ৩২৫৫০ | |
| ৪৮ | চেংগাড়ী | বিশালপুর | কহিতকুল | ৩০৯ | ০.৮৬ | ৪১৩০৮ | |
| ৪৯ | তেলিপুকুর | বিশালপুর | তেঘরী | ১৬৬ | ১.৬৯ | ১৪৮০৫ | |
| ৫০ | ভুটিয়াগাড়ী | বিশালপুর | ভাদার | ১২৪ | ০.৪৫ | ১২০১০ | |
| ৫১ | হালালিয়াগাড়ী | বিশালপুর | কামালখী | ৮৭ | ০.৩৩ | ৩২৫৫ | |
| ৫২ | মহিষাগাড়ী | বিশালপুর | কামালখী | ২৫ | ০.৫৫ | ৬১১০ | |
| ৫৩ | হামদারগাড়ী | বিশালপুর | কামালখী | ৭৪ | ০.৩৭ | ৬৫৬৩ | |
| ৫৪ | সাড়ারদিঘী | বিশালপুর | উদগ্রাম | ১৬৩ | ১.২৫ | ১৫১১০ | মামলা চলমান |
| ৫৫ | বাড়ীতলা | বিশালপুর | উদগ্রাম | ১৪১ | ০.৪৫ | ১২১০১ | মামলা চলমান |
| ৫৬ | হাসড়াগাড়ী | বিশালপুর | বেওড়াপাড়া | ২৪৫ | - | ৬৫০০ | |
| ৫৭ | তালপুকুর | বিশালপুর | বেওড়াপাড়া | ৬৯৩ | ২. | ২৩৮৩৫ | |
| ৫৮ | হারকানগাড়ী | বিশালপুর | ভাদার | ২৩৯ | ৩.৬১ | ১৮২২৭ | |
| ৫৯ | নৌকাগাড়ী | বিশালপুর | ভাদার | ২১৬/৩৭১ | ৩.৬১ | ১৮২২৭ | |
| ৬০ | চামতাগাড়ী | বিশালপুর | তেঘরি | ৫০৬/৩৯ | ০.৮৪ | ৯১৩৫ | |
| ৬১ | ছোট বোবাইহড়কি | বিশালপুর | পশ্চিম নাইশিমুল | ৯/৩১ | ১.৮৬ | ১৩২৩০ | |
| ৬২ | মাটালগাড়ী | বিশালপুর | বামিহালি | ২০৯/৩৭৮ | ১.২৯ | ৬৪৫০ | |
| ৬৩ | নলুয়াগাড়ী | বিশালপুর | ভাদার | ৩১০/৪৭৮ | ০.৬ | ৬৮৫০ | |
| ৬৪ | হাড়ভাংগা | বিশালপুর | বিরাকৈর | ২৮৮ | ০.৭৭ | ৩৫০০ | |
| ৬৫ | বোয়ালমাড়ি | বিশালপুর | বিরাকৈর | ২৩৪ | ০.৭৬ | ৩৫০০ | মামলা চলমান |
| ৬৬ | চান্দেরপুকুর | বিশালপুর | মান্দাইল | ৮৯৪ | ১.৪৯ | ৭৪৫০ | মামলা চলমান |
| ৬৭ | গড়মহল | বিশালপুর | উদগ্রাম | ৬৮১ | ০.৬০ | ২৫০০ | মামলা চলমান |
| ৬৮ | আন্দিয়া | বিশালপুর | ভাদাইকুড়ি | ৯/৩১ | ১.৬৭ | ২৬৫২৩ | |
| ৬৯ | বনপাথালিয়া | বিশালপুর | কামালখী | ১৮৯ | ০.৬১ | ৫৪৬০ | |
| ৭০ | জলটুংগী | ভবানীপুর | আমিনপুর | ৩২৮ | ১.৭৪ | ১১৫৮০ | |
| ৭১ | বড়পুকুর | ভবানীপুর | আটাইল | ২৮৬ | ৯.২৮ | ৩৪০০০০ | |
| ৭২ | বড়তাড়াটিয়া | ভবানীপুর | আমিনপুর | ১০১৫ | ২.০৩ | ৩৮০৩৬ | |
| ৭৩ | ডায়াগাড়ী | ভবানীপুর | আমিনপুর | ৪৮৭ | ১.৩ | ১৩০০০ | |
| ৭৪ | ছোটমওলা | ভবানীপুর | খোর্দ্দবগুড়া | ৪৪৫ | ০.৬৪ | ৮৭৮০ | |
| ৭৫ | বুরুজ | ভবানীপুর | আঁশগ্রাম | ৪৬০/৪৮২ | ২.০৫ | ১৭২৪৮ | |
| ৭৬ | মোশারপুকুর | ভবানীপুর | আটাইল | ২৯৩ | ১.৯৫ | ৫৬৭০ | |
| ৭৭ | শৈল্যাপুকুর | ভবানীপুর | তেরাইল | ৫৭৮ | ০.৬৫ | ৮৫০০ | |
| ৭৮ | দমুয়া | ভবানীপুর | আঁশগ্রাম | ৪৮২ | ২.৩ | ৫৬৫০ | |
| ৭৯ | সুবর্ণহার | ভবানীপুর | সুবর্ণহার | ৩৪৭ | ০.৬৬ | ৫৭৭৫ | |
| ৮০ | বলদাম পুকুর | ভবানীপুর | ভবানীপুর | ৫৩৭ | ১.২ | ৬৩০০ | |
| ৮১ | হাসড়াগাড়ী | ভবানীপুর | ভবানীপুর | ৫৪৪ | ০.৮৮ | ৯৫০০ | |
| ৮২ | কাশারিয়াপুকুর | ভবানীপুর | আমিনপুর | ১২৬৫ | ৩.৮৪ | ৩৬৪৪৪ | |
| ৮৩ | আম্বলিয়া | ভবানীপুর | বিশ্বা | ১১০৯/৯৬০ | ৪.১ | ২০৫০০ | |
| ৮৪ | পতিহার | ভবানীপুর | বিশ্বা | ৭৫৭ | ৮.৮৯ | ৩৫৬০০ | |
| ৮৫ | মাঝিপুকুর | ভবানীপুর | তেরাইল | ৬২৪ | ১.৪৪ | ৬৯৯১ | |
| ৮৬ | চুড়াপুকুর | ভবানীপুর | তেরাইল | ২৮৮ | ২.২৮ | ১৭২৪৮ | |
| ৮৭ | আড়ালিয়া | ভবানীপুর | আমিনপুর | ৮০৫ | ৬.৮ | ২৮০০০ | |
| ৮৮ | ঈদগাহ মাঠ পুকুর | ভবানীপুর | আমিনপুর | ৫০১ | ১.৯৩ | ১৫৭৫০ | |
| ৮৯ | তালপুকুর | মির্জাপুর | ভাদড়া | ৭১৬ | ১.৭৩ | ১১২৩৫ | |
| ৯০ | নারিশা | মির্জাপুর | মির্জাপুর | ২১৩ | ১১.৮৭ | ৩৬৭৫০ | |
| ৯১ | দড়িমুকন্দ | মির্জাপুর | দড়িমুকুন্দ | ৫৫৬ | ১.৮২ | ১৩২০০ | মামলা চলমান |
| ৯২ | কদিমুকন্দ | মির্জাপুর | কদিমুকুন্দ | ৪৬৬ | ১.০৫ | ১২৮০৫ | মামলা চলমান |
| ৯৩ | কদিমুকুন্দ | মির্জাপুর | কদিমুকুন্দ | ৫৬৪ | ২.৩৪ | ১৯৫০০ | মামলা চলমান |
| ৯৪ | পদ্মপুকুর | মির্জাপুর | মাগুরগাড়ী | ১৫৮ | ২.৬৬ | ২১৮৬৫ | |
| ৯৫ | ঠারকানগাড়ী | মির্জাপুর | মাগুরগাড়ী | ৬৪ | ০.৫৪ | ৬০০০ | |

| ক্র: নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমাণ | ৫% বৃদ্ধিতে সরকারি মূল্য (বাৎসরিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৯৬ | চকগোলাম | খামারবাড়ি | কালিয়াকৈর | ১০৫ | ০.৬৯ | ৪৪১০ | |
| ৯৭ | ছোট তাড়াটিয়া | ভবানীপুর | আমিনপুর | ৫১৭ | ১.০৮ | ৯৫৫৫ | |
| ৯৮ | দড়িহাসড়া | সুঘাট | দড়িহাসড়া | ৪২৮ | ১.৬৫ | ৮৯০০ | |

[বিঃদ্রঃ] বিজ্ঞ আদালত কর্তৃক কোন জলমহাল/ দাগ নিয়ে স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা/অনুরূপ আদেশে থাকলে উক্ত জলমহাল/দাগ ইজারা প্রদান করা হবে না।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউলের আবেদনপত্র অনলাইনে পূরণ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদানের সময়সূচি:

| ক্র: নং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ০৯ মাঘ হতে ০৩ ফাল্গুনের মধ্যে (২৩ জানুয়ারী- ১৬ ফেব্রুয়ারী/২০২৪) | অনলাইনে আবেদন দাখিল। | |
| ০২ | ০৪ ফাল্গুন থেকে পরবর্তী ৩(তিন) কার্যদিবসের মধ্যে (১৭ ফেব্রুয়ারী -১৯ ফেব্রুয়ারী /২০২৪) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। | |
| ০৩ | ১৪ ফাল্গুনের মধ্যে (১৭ ফেব্রুয়ারী -১৯ ফেব্রুয়ারী /২০২৪) | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই | |
| ০৪ | ২৬ ফাল্গুনের মধ্যে ১০মার্চ /২০২৪ | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন | |
| ০৫ | ১০ চৈত্রের মধ্যে ২৪ মার্চ/২০২৪ | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরন এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। | |
| ০৬ | ১৭ চৈত্রের মধ্যে ৩১মার্চ/২০২৪ | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। | |
| ০৭ | ২৩ চৈত্রের মধ্যে ০৬ এপ্রিল/২০২৪ | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহিতার সাথে চুক্তি সম্পাদন। | |
| ০৮ | ০১ বৈশাখ ১৪ এপ্রিল/২০২৪ | ইজারাগ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। | |

## শর্তাবলী

১. ১৪৩১-১৪৩৩ মেয়াদে সকল জলমহালের আবেদন অনলাইনে করতে হবে।

২. jm.lams.gov.bd-প্রবেশ করে ০৯ মাঘ হতে ০৩ ফাল্গুন, ১৪৩০ বাংলা সনের মধ্যে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন করতে হবে।

৩. ২৬ ফাল্গুন হতে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।

৪. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতি/প্রতিষ্ঠান দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

৫. চূড়ান্তভাবে ইজারাদেশ প্রদান করা ইজারাগ্রহীতাকে নির্ধারিত কোডে সমুদয় ইজারামূল্য, ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।

৬. আবেদনকারী মৎস্যজীবি সমবায় সমিতির সদস্যদের উপজেলা মৎস্য অফিসের FIN নাম্বার থাকতে হবে।

৭. সকল সরকারি খাসবদ্ধ জলমহাল ০৩(তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে।

৮. বিগত ০৩(তিন) বছরের গড় ইজারা মূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হয়েছে।

৯. সমবায় অধিদপ্তর বা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্য জীবি সমবায় সমিতি ও মৎস্যজীবি সমিতি/সংগঠন আবেদন করতে পারবে।

১০. জলমহালের তীরবর্তী বা নিকটবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/মৎস্যজীবি সমিতিকে অগ্রাধিকার দেওয়া হবে। আবেদনকারী মৎস্যজীবি সমবায় সমিতি ও মৎস্যজীবি সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তর গ্রহনের অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ উপজেলা সমবায়/সমাজ সেবা কর্মকর্তা(যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিলসহ বিগত ০২(দুই) বৎসরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

১১. আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়ার এর অনুকুলে উদ্ধৃত মূল্যের ২০% ও আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য সোনালী/অগ্রণী ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার (মূলকপি) আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে। উক্ত জামানতের অর্থ ইজারা মেয়াদ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১২. আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত জলমহালের ইজারা গ্রহিতাদের অনুকুলে আলাদাভাবে পত্র জারী করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে টানানো হবে। প্রথম বৎসরের ইজারা মূল্যের অর্থ সরকারের জলমহাল ও পুকুর ইজারার জমার খাত ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে এবং মোট ইজারা মূল্যের উপর ১০% আয়কর ১/১১৪১/০১৪০/০১১১ নম্বর এবং ১৫% ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নম্বর কোডে জমা দিয়ে চালানের মূলকপি নিম্ন স্বাক্ষরকারির কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত পত্রে ও নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়কর সহ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত সহ ইজারা বাতিল করে পুনরায় ইজারা প্রদান করা হবে।

১৩. ইজারা মেয়াদের ২য় বৎসরের বা তৎপরবর্তী বৎসরের ইজারা মূল্য বছর শুরু হওয়ার পূর্বে অর্থাৎ পূর্ববর্তী বৎসরের ২৩ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা স্বয়ংক্রিয় ভাবে বাতিল হবে এবং জলমহাল পুণরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. ইজারা অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারা দাতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে (ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল মোতাবেক) ৩০০/-(তিন শত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহাল দখল হস্তান্তর করা হবে না।

১৫. ইজারা গ্রহিতা জলমহলের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা ইজারা গ্রহিতা নিশ্চিত করবেন।

১৬. ইজারা গ্রহিতা কোন জলমহাল সাবলীজ অথবা অন্যকোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেনা। যদি উক্তরুপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমানিত হয় তবে ইজারা বাতিল করে জলমহাল পুনরায় ইজারা প্রদান করা হবে। এক্ষেত্রে ইজারা গ্রহিতা/সমিতি ০৩(তিন) বৎসরের মধ্যে আবেদন করতে পারবে না।

১৭. ইজারা গ্রহিতা জলমহাল সীমারেখা বজায় রাখবেন। জলমহাল পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেনা। তিনি নিজ দায়িত্ব ইজারাকৃত জলমহাল সরকারি সম্পত্তি সংরক্ষন করবে।

১৮. ইজারা গ্রহিতা জলমহাল পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবে না।

১৯. কোন সমিতি ইতিপূর্বে লিজ নেয়া জলাশয়ের ইজারামূল্য বকেয়া থাকলে আবেদন ফরম গ্রহণের সময় বকেয়া পরিশোধের চালান কপি জমা দিতে হবে। ইজারামূল্য বকেয়া রেখে/ তথ্য গোপন করলে জলমহাল ইজারা প্রাপ্তির যোগ্যতা থাকবেনা।

২০. ইজারা গ্রহিতা উর্দ্ধতন সরকারি কর্মকর্তা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

২১. বছরের যে কোন সময়ে ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা বছরের ০১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে।

২২. যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষন করে।

২৩. বিষ প্রয়োগ করে মাছ নিধন করা যাবেনা।

২৪. সরকারি উন্নয়ন পরিকল্পনা কর্মসূচী বাস্তবায়নে যে কোন সময় জলমহালটি সরকারের অনুকূলে নেয়া যাবে।

২৫. কৃষি জমি চাষাবাদের প্রয়োজনে মৎস্য চাষে ব্যাঘাত না ঘটিয়ে পানি ব্যবহারের অনুমতি দিতে হবে।

২৬. ৩০ চৈত্র ১৪৩৩ বাংলা তারিখের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারার মেয়াদ শেষ হবে।

২৭. কোন মৎস্যজীবি সমিতি প্রথম জলমহালের ইজারা মূল্য বকেয়া রেখে ২য় জলমহাল ইজারা নিতে পারবেন না।

২৮. আবেদনকারী মৎস্যজীবি সমিতিকে আবেদনের সাথে উপজেলা নির্বাহী নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত ইজারা মূল্য পরিশোধের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১৭.০৩.২৪

(মোঃ সুমন জিহাদী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
শেরপুর, বগুড়া
টেলিফোন : ০২৫৮৯৯০৯২০১
unosherpurbogra@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
(sherpur.bogra.gov.bd)

স্মারক সংখ্যা-০৫.৫০.১০৮৮.০০০.১৩.০০৩.২৪- ৫৮ (১০০)

তারিখঃ ০৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪০-বগুড়া-৫।
০২। জেলা প্রশাসক, বগুড়া।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর, বগুড়া।
০৫। সহকারী কমিশনার (ভূমি), শেরপুর, বগুড়া। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তাদের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৬। উপজেলা........................................ কর্মকর্তা, শেরপুর, বগুড়া। তাঁর অফিস নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি ঝুলাইয়া বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৭। চেয়ারম্যান..................................................ইউ.পি, শেরপুর, বগুড়া। বিজ্ঞপ্তিটি তার এলাকার হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে এবং নোটিশ বোর্ডে ঝুলাইয়া বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৮। ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা ...................................... ইউনিয়ন তাকে বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯। সভাপতি/সাধারণ সম্পাদক, ........................................প্রেসক্লাব, শেরপুর, বগুড়া।
১০। অফিস কপি/নোটিশ বোর্ড।

১৭.০১.২৪

(মোঃ সুমন জিহাদী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
শেরপুর, বগুড়া
টেলিফোন : ০২৫৮৯৯০৯২০১